

পল্লী প্রগতি প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“ পল্লী ভবন ”
৫, কাওরান বাজার, ঢাকা।

= 26 =

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.৪৬৯.১২(১).- ৭৬৭

তারিখ: ২২.০২.১৫ খ্রি


উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

বিষয় : পল্লী প্রগতি প্রকল্পের সুফলভোগীদের ঋণ বিতরণের লক্ষ্যে চেক প্রদান এবং ঋণের কিস্তি আদায়।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি প্রকল্পের শীতিনির্ধারণী কমিটির সভায় উপজেলায় প্রকল্পের ঋণ বিতরণের লক্ষ্যে চেক প্রদান এবং বিতরণকৃত ঋণের কিস্তি আদায়ের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

- ১। সুফলভোগীদের ঋণ বিতরণকালে দলের নামে চেক প্রদান করে উপজেলা দপ্তরে সদস্যদের হাতে ঋণের টাকা বিতরণ করতে হবে।
- ২। উপজেলায় দল পর্যায়ে দৈনিক কিস্তির পরিবর্তে সাপ্তাহিক কিস্তিতে (এক বছরের মধ্যে পঞ্চাশ-টি সমান কিস্তিতে) বিতরণকৃত ঋণ আদায় করতে হবে। কিস্তি আদায়ের সময় আসল টাকা সুদসহ আদায় করতে হবে।

এমতাবস্থায়, পল্লী প্রগতি প্রকল্পের ঋণ বিতরণের লক্ষ্যে চেক প্রদান এবং ঋণের কিস্তি আদায় বিষয়ক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনার আওতাধীন উপজেলাসমূহে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক
পল্লী প্রগতি প্রকল্প
ফোন : ৮১৮০০৪৪।

অনুলিপি :

- ১। পরিচালক(সরেজমিন), বিআরডিবি, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।